



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/2/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ফার্মাসিস্টদের 18 বা তার বেশি বয়সী রোগীদের CDC দ্বারা সুপারিশকৃত অতিরিক্ত টিকা প্রদানের অনুমোদন দিয়ে বিধিমালায় স্বাক্ষর করলেন

**বিধিমালা S.4807-A/A.6476 লাইসেন্সধারী ফার্মাসিস্টদের হেপাটাইটিস এ ও বি, HPV, হাম, মাস্পস, রুবেলা এবং ভ্যারিসেলার টিকা প্রদানের অনুমোদন দেয়**

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালা S.4807-A/A.6476 স্বাক্ষর করলেন যেটি লাইসেন্সধারী ফার্মাসিস্টরা 18 বা তার বেশি বয়সী রোগীদের কোন কোন টিকাদান করতে পারবে তা সম্প্রসারিত করে। নতুন আইনের অধীনে, ফার্মাসিস্টরা সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) সুপারিশকৃত হেপাটাইটিস এ ও বি, হিউম্যান প্যাপিলোমাভাইরাস (Human papillomavirus, HPV), হাম, মাস্পস, রুবেলা ও ভ্যারিসেলার টিকা প্রদান করতে পারবে। এছাড়াও নতুন আইন লাইসেন্সধারী ফার্মাসিস্টদের কোভিড-19 টিকা প্রদান করার ক্ষমতা স্থায়ী করে।

"জনস্বাস্থ্য রক্ষার জন্য আমাদের কাছে থাকা সেরা হাতিয়ার টিকাদান এবং আমাদেরকে টিকা সর্বস্বত্রে উপলভ্য করার জন্য সব বিচক্ষণ ব্যবস্থা অবশ্যই বাস্তবায়ন করতে হবে," **গভর্নর হোকল বলেন।** "নতুন এই আইন দ্বারা, আমরা নিউ ইয়র্কবাসীরা তাদের নিজেদের স্বাস্থ্য এবং তাদের সম্প্রদায়ের স্বাস্থ্য সুরক্ষিত রাখতে কোথায় টিকা গ্রহণ করতে যেতে পারবে সেই স্থান সম্প্রসারণ করছি।"

গবেষণায় দেখা গেছে যে ফার্মাসিস্ট-প্রদত্ত টিকাদান সার্বিক টিকাদান হার বৃদ্ধি করে বর্তমান আইনের অধীনে, নিউ ইয়র্কের ফার্মাসিস্টরা প্রাপ্তবয়স্ক ও শিশুদের ইনফ্লুয়েঞ্জার টিকাদান করতে পারে, এবং প্রাপ্তবয়স্কদের জন্য কোভিড-19, নিউমোকোকাল, অ্যাকিউট হার্পিস জোস্টার, মেনিঞ্জোকোকাল, টিটেনাস, ডিপথেরিয়া, পার্টুসিস রোগ, এবং তার সাথে অ্যানাফাইলাক্সিক্স জরুরি চিকিৎসার জন্য আবশ্যিক ওষুধ প্রদান করতে পারে। নতুন আইন ফার্মাসিস্টরা প্রাপ্তবয়স্কদের কোন কোনো টিকাদান করতে পারবে সে তালিকা সম্প্রসারণ করে, এবং ফার্মাসিস্টদের জন্য সেই টিকাদান স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথে (Department of Health) রিপোর্ট করা আবশ্যিক করে।

**সিনেটর টবি অ্যান স্টাভিন্স্কি বলেন,** "আমি গভর্নর হোকলকে এই জরুরি বিধিমালায় স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাতে চাই। কোভিড-19 মহামারীর সময়, আমরা দেখেছি কিভাবে নিম্ন-আয় এবং গ্রামীণ সম্প্রদায়গুলি অতি জরুরি স্বাস্থ্যসেবার সুযোগ পেতে কষ্ট করেছে। গবেষণা

দেখায় যে মানুষ সজ্ঞাতভাবে তাদের স্থানীয় ফার্মাসিস্টদের বিশ্বাস করে। ফার্মাসিস্টদের CDC কর্তৃক অনুমোদিত সকল টিকাদান করার অনুমতি দিয়ে, আমরা অসুস্থতা এবং মৃত্যুর হার হ্রাস করবো এবং চিকিৎসার দিক থেকে আমাদের সবথেকে বঞ্চিত সম্প্রদায়ে জীবন রক্ষা করতে পারবো।"

**অ্যাসেসম্বলিমেন্টার অ্যালিসিয়া হাইল্ডম্যান বলেন,** "স্বাস্থ্যসেবার সুযোগ পাওয়া মানুষের মৌলিক অধিকার এবং কোভিড-19 আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার নানা অসমতা দৃশ্যমান করেছে। আমাদের অনেক কালো ও বাদামি সম্প্রদায়ে, স্থানীয় ফার্মাসিস্টরা হলেন সেবার তাৎক্ষণিক ও সর্বাধিক সহজপ্রাপ্য রাস্তা। বিধিমালাটি সামাজিক ন্যায়বিচারের ব্যাপারে এবং সকলের জন্য ন্যায্যতা সৃষ্টির জন্য সঠিক দিকে একটি পদক্ষেপ। আমি বিধিমালাটি পাশ করা নিশ্চিত করার জন্য স্পিকার হিস্টি এবং অন্যান্য উকিলদের অবদান স্বীকার করে তাদের ধন্যবাদ জানাতে চাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov-এ](http://www.governor.ny.gov-এ)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)